

**পটুয়াখালীর জনতা কলেজ  
খুলে দেয়ার জন্য প্রধানমন্ত্রীর  
হস্তক্ষেপ কামনা**

ইত্তেফাক রিপোর্ট ॥ শুক্রবার পটুয়াখালীর দুমকী উপজেলা উন্নয়ন ফোরামের পক্ষে সাবেক মন্ত্রী ও বিএনপির নেতা এম কে রানিত আলী ঢাকায় এক সাংবাদিক সম্মেলনে বলেন, স্বরাষ্ট্রমন্ত্রী এয়ার ভাইস মার্শাল (অবঃ) আলতাফ হোসেন চৌধুরী রাজনৈতিক কারণে প্রতিপক্ষকে ঘায়েল করার জন্য স্থানীয় সন্ত্রাসী দিয়ে জনতা কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে নানা অভিযোগ তুলেন। এ সকল সন্ত্রাসী তার নিকট গোটা অকের টাকা চাঁদা দাবী করে। কলেজের গভর্নিং বডিকে কোন বিষয়ে পদক্ষেপ নেয়ার সুযোগ না

দিয়ে সন্ত্রাসী বাহিনী গত ১১ আগস্ট অধ্যক্ষ ও কর্মচারীদের জোরপূর্বক বের করে দিয়ে কলেজ তালি বুলিয়ে দেয়। জনাব কে রানিত আলী সাংবাদিক সম্মেলনে জনতা কলেজ খুলে দিয়ে ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার সুযোগ দেয়ার জন্য প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন।